রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী#১৯, রোড #১/বি
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

**বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের জুন ,২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

বিজ্ঞাখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের জুন ,২০১৮ মাসের মাসিক সভা ২৫/০৬/২০১৮ ইং তারিখ রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভুঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগন উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ ,গাজীপুর, রাউজান) ইনোভেশন টিমের সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির উপর আলোচনা | সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং উক্ত প্রতিবেদনের উপরে বিস্তারিত আলোচনা করা হয়(অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত)। | প্রতি মাসের মাসিক সভায় বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আলোচনা করার বিষয়টি অব্যাহত রাখার ব্যাপারে এবং প্রতিমাসে নিয়মিত মন্ত্রনালয়ের ইনোভেশন টিমের নিকট প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল |
| ২ | ইনোভেশন আইডিয়া নিয়ে আলোচনা | বিদ্যুৎ বিভাগের নির্দেশনা মোতাবেক<br>প্রত্যেক কর্মকতার নিকটি হতে একটি করে ইনোভেটিভ আইডিয়া আহবান করা হয়। প্রাপ্ত আইডিয়া সমূহ সভায় উপস্থাপন করা হয়। | সভায় উপস্থাপিত আইডিয়া সমূহ আরও বিশদ ভাবে পর্যালোচনার জন্য আগামী ৩০ শে জুন একটি প্রেজেন্টেশন প্রোগ্রামের আয়োজন সহ আইডিয়াসমুহ বিদ্যুৎ বিভাগে প্রেরণের জন্য সহকারী ব্যবস্থাপক (আইসিটি) কে নির্দেশনা প্রদান করা হয়। | সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল |
| ৩ | SIP নিয়ে আলোচনা | আরপিসিএল এর APA তে উদ্ভাবনী উদ্যোগ ও SIP(Small Improvement Project) এর লক্ষ্যমাত্রা ২৫টি। জুন মাসের মধ্যে প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র থেকে ৮টি করে SIP গ্রহণ করার লক্ষ্যমাত্রা প্রদান করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী SIP সমূহ বাস্তবানায়ধীন রয়েছে। | আগামী দুই দিনের মধ্যে প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র হতে SIP বাস্তবায়ন প্রতিবেদন ফরম পূরন পূর্বক আইসিটি বিভাগে প্রেরণের আহবান জানানো হয়। | সকল ইনোভেশন অফিসার ,আরপিসিএল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | TQM প্রশিক্ষণ আয়োজন | কর্মক্ষেত্রে দৈনন্দিন কাজের মান উন্নয়নর জন্য Total Quality Management (Kyzen ) এর উপর প্রশিক্ষণ গ্রহনের উপরে সভায় গুরুতারোপ করা হয়। | TQM প্রশিক্ষণটি আরপিসিএল এর ২০১৮- ১৯ অর্থবছরের ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত ও দ্রুত প্রশিক্ষণটি আয়োজন করার জন্য প্রশিক্ষণ সেলকে অনুরোধ করা হয়। | ট্রেইনিং সেল, মানব সম্পদ ও প্রশাসন বিভাগ, আরপিসিএল |
| ৫ | ইনোভেশন বিষয়ে উদ্বুদ্ধকরণ কর্মসূচী | আরপিসিএল এর সকল কর্মকর্তাগণ ইনোভেশন সংক্রন্ত প্রশিক্ষণ প্রাপ্ত নন। ইনোভেশন বিষয়ে সকলকে ধারনা প্রদানের জন্য একটি উদ্ভুদ্ধকরণ কর্মসূচী গ্রহনের বিষয়ে আলোচনা হয়। | সদর দপ্তরসহ বিদ্যুৎকেন্দ্রেসমূহের ইনোভেশন কমিটির সদস্যগণ প্রত্যেক কর্মকর্তার ডেস্কে সশরীরে উপস্থিত হয়ে ইনোভেশন সম্পর্কে সবাইকে উদ্বুদ্ধ করবেন। | ইনোভেশন কমিটির সদস্যবৃন্দ ,আরপিসিএল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৬/২০১৮

(মোঃ সেলিম ভূঁইয়া)
ইনোভেশন অফিসার
ও
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

স্মারক নংঃ-২৭.২৬.০০০০.০০৩.০৯.০০৭.১৩.৫৯১ তারিখঃ ২৫/০৬/২০১৮ ইং

সংযুক্তি ঃ

১. আরপিসিএল এর ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার জুন ,২০১৮ মাসের অগ্রগতির প্রতিবেদন।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা ।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ- সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রনালয় , ঢাকা। ।
৪. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্রগ্রাম ।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) ঃ

১. সকল ইনোভেশন অফিসার, আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-৩,৫ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
২. মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী- ৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
৩. সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১,২ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন,কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ঠ প্রোগ্রামারের ই- মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন )

অদ্য ২৫-০৬-২০১৮ তারিখ রোজ সোমবার বেলা ১২:০০ ঘটিকায় ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নাম ও সাক্ষরঃ

| ক্রঃ নং | নাম, পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | মোঃ সেলিম ভুঁইয়া, পিইঞ্জ<br>নির্বাহী পরিচালক, প্রকৌশল,<br>ইনোভেশন অফিসার,ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০২। | প্রলয় কুমার সাহা<br>জেনারেল ম্যানেজার (হিসাব/অর্থ) এবং<br>নির্বাহী পরিচালক, অর্থ (অঃ দাঃ),<br>সদস্য ইনোভেশন কমিটি, আরপিসিএল | |
| ০৩। | কামাল হোসেন<br>ব্যবস্থাপক (মানব সম্পদ),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৪। | শহীদুল ইসলাম<br>উপ- বিভাগীয় প্রকৌশলী,<br>সদস্য ইনোভেশন কমিটি, আরপিসিএল | |
| ০৫। | মোঃ আব্দুল বাতেন<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৬। | মোঃ সারোয়ার জাহান<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |